দৈনিক
ইত্তেফাক

তারিখ 18 MAY 2015
পৃষ্ঠা ৫ কলাম ১

# যবিপ্রবির অন্তর্ভুক্ত হলো ঝিনাইদহ ভেটেরিনারি কলেজ

■ যশোর অফিস

যশোর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (যবিপ্রবি) অন্তর্ভুক্ত হলো ঝিনাইদহ ভেটেরিনারি কলেজ। যবিপ্রবির রিজেন্ট বোর্ডের সভায় এ সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। ঝিনাইদহ ভেটেরিনারি কলেজের আবেদনের প্রেক্ষিতে এবং মানসম্মত শিক্ষা বিস্তারে ভূমিকা রাখতে এ সিদ্ধান্ত গ্রহণ করেছে বলে বিশ্ববিদ্যালয় সূত্র জানিয়েছে।

এ সিদ্ধান্তের পর এখন কলেজটির শিক্ষা কার্যক্রম পর্যায়ক্রমে যবিপ্রবির আওতায় নিয়ে আসা হবে। ফলে এখন থেকে ঝিনাইদহ ভেটেরিনারি কলেজ থেকে ৫ বছরের শিক্ষা কোর্স সম্পন্ন করার পর শিক্ষার্থীরা যশোর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের সনদ পাবেন। যবিপ্রবির উপাচার্য প্রফেসর ড. আব্দুস সাত্তার বিষয়টি নিশ্চিত করেছেন।